

স্মারক নং-২৭.১২.৭৬৭২.৫০৮.০১.০৩৮.২১. ৫২২৭

তারিখ ১৮ ডিসেম্বর ২০২১ খ্রিঃ।
০৩ পৌষ ১৪২৮ বঙ্গাব্দ।

বিষয়ঃ কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন (RFQ) পদ্ধতিতে “শীতের পোষাক (জ্যাকেট)” সরবরাহের দরপত্র আহ্বান প্রসঙ্গে।

পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-২ কর্তৃক “শীতের পোষাক (জ্যাকেট)” ক্রয়ের লক্ষ্যে বাংলাদেশের প্রকৃত প্রত্নতকারী/সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট থেকে নিম্নোক্ত শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে নিজস্ব লেটার হেড প্যাডে কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন (RFQ) পদ্ধতিতে সীলগালাযুক্ত খামে দরপত্র আহ্বান করা যাচ্ছে :

- ০১। দরপত্র গ্রহণ ও খোলার স্থান : ক) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (পশ্চিমাঞ্চল) পরিদপ্তর, বাপবিবো, খিলক্ষেত, ঢাকা।
খ) জেনারেল ম্যানেজার, পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-২, কাশীনাথপুর, পাবনা।
০২। দরপত্র গ্রহণের তারিখ ও সময় : ২৭/১২/২০২১ খ্রিঃ, সময় : বেলা ১২:০০ ঘটিকা।
০৩। দরপত্র খোলার তারিখ ও সময় : ২৭/১২/২০২১ খ্রিঃ, সময় : বেলা ১২:৩০ ঘটিকা।

মালামালের বিবরণ :

দরপত্র নং	মালামালের বিবরণ ও স্পেসিফিকেশন	পরিমাণ	উদ্ধৃত মূল্য (টাকা)	
			একক মূল্য (টাকা)	মোট মূল্য (টাকা)
১	২	৩	৪	৫
২৭/২০২১-২০২২	সুপারভাইজারগণের জন্য শীতের পোষাক (জ্যাকেট) : উন্নতমানের চায়না কাপড়ে তৈরি ফুল হাতা ডাবল জ্যাকেট, উন্নতমানের বোতাম, চেইন ও সেলাই, কমপক্ষে ০২ সাইড পকেট, এক কালার (কালো/অফহোয়াইট/সেবুন) সর্বোচ্চ বড় সাইজ: (XXL) সমিতির প্রদর্শিত নমুনা মোতাবেক।	১১টি		
	কর্মচারীদের জন্য শীতের পোষাক (জ্যাকেট) : উন্নতমানের বিদেশী কাপড়ের তৈরি ফুল হাতা ডাবল জ্যাকেট, উন্নতমানের বোতাম, চেইন ও সেলাই, কমপক্ষে ০২ টি সাইড পকেট, সর্বোচ্চ বড় সাইজ: (XXL) সমিতির প্রদর্শিত নমুনা মোতাবেক।	৫২ টি		
সর্বমোট দর (টাকা) =				

কথায় :

শর্তাবলী :

- (ক) আগামী ২৭/১২/২০২১ খ্রিঃ তারিখে বর্ণিত “শীতের পোষাক (জ্যাকেট)” সরবরাহের দরপত্র সীলগালা যুক্ত খামে ক্রমিক নং ০১-এ বর্ণিত স্থানে রক্ষিত টেন্ডার ব্যাল্ডে রাখা হবে। নির্ধারিত সময়ের পর কোন অবস্থাতেই দরপত্র গ্রহণ করা হবে না এবং নির্ধারিত তারিখ ও সময়ে উপস্থিত দরদাতা/প্রতিনিধিদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হবে।
- (খ) খামের উপর স্পষ্টাক্ষরে “শীতের পোষাক (জ্যাকেট) সরবরাহের দরপত্র” কথাটি লিখে জমা দিতে হবে।
- (গ) দরপত্রের সাথে হালনাগাদ ট্রেড লাইসেন্স, ব্যাংক সলভেন্সী, আয়কর, ভ্যাট রেজিস্ট্রেশনের সনদপত্রের সত্যায়িত ফটোকপি জমা প্রদান করতে হবে।
- (ঘ) আগামী ২৬/১২/২০২১ খ্রিঃ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে সমিতির সদর দপ্তরে সংরক্ষিত “শীতের পোষাক (জ্যাকেট)” এর নমুনা দেখতে পারবেন।
- (ঙ) প্রাপ্ত দরপত্র যথাযথভাবে মূল্যায়নের পর সফল দরদাতা প্রতিষ্ঠানের অনুকূলে কার্যাদেশ প্রদানের মাধ্যমে বর্ণিত মালামালসহ সংগ্রহ করা হবে।
- (চ) সফল দরদাতা প্রতিষ্ঠান কর্তৃক কার্যাদেশ প্রদানের ১০ (দশ) দিনের মধ্যে পবিসে সংরক্ষিত নমুনা মোতাবেক মালামাল নিজ খরচে সমিতির সদর দপ্তর, কাশীনাথপুর, পাবনায় পৌঁছাতে হবে।
- (ছ) দরপত্রে উদ্ধৃত একক দর ও মোট দর স্পষ্ট অক্ষরে এবং কথায় লিখতে হবে। কোন ভূপ ঘষামাজা বা কাটাকাটি ও ফ্লুইড ব্যবহার গ্রহণযোগ্য হবে না।
- (জ) দরপত্রে একক দর ও মোট উদ্ধৃত দরের মধ্যে কোন গাণিতিক ভুল থাকলে সর্বক্ষেত্রেই একক দর গ্রহণযোগ্য হিসেবে বিবেচনা করা হবে। অসম্পূর্ণ দরপত্র বাতিল বলে গণ্য হবে।
- (ঝ) নির্ধারিত সময়ের মধ্যে “শীতের পোষাক” সরবরাহে ব্যর্থ হলে প্রতিদিন বিলম্বের জন্য কার্যাদেশকৃত মূল্যের ১% এর ১/১০ অংশ হিসেবে কর্তন করা হবে। তবে কোন অবস্থাতেই কর্তনযোগ্য জরিমানা মোট কার্যাদেশ মূল্যের ১০% (দশ শতাংশের) বেশী হবে না।
- (ঞ) কার্যাদেশ অনুযায়ী শীতের পোষাকের গুণগতমান অক্ষুণ্ণ থাকা সাপেক্ষে নিরাপত্তা জামানত হিসেবে দাখিলকৃত বিল হতে ১০% কর্তন করে রাখা হবে যা ০৬ (ছয়) মাস পর ফেরত দেওয়া হবে।
- (ট) কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠানের বিল হতে সরকারী বিধি মোতাবেক ভ্যাট ও আয়কর (প্রযোজ্য ক্ষেত্রে) কর্তন পূর্বক একাউন্ট পেয়ী চেকের মাধ্যমে বিল পরিশোধ করা হবে।
- (ঠ) অত্র পবিস কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন/সকল দরপত্র গ্রহণ অথবা বাতিল করার অধিকার সংরক্ষণ করে।
- (ড) কার্যাদেশ প্রদানের সময় মালামালের পরিমাণ কম বা বেশি হতে পারে।
- (ঢ) শর্তাবলীতে উল্লেখ নেই এমন যে কোন বিষয় নিষ্পত্তির ক্ষেত্রে অত্র পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

(প্রকৌঃ মোঃ এমদাদুল হক)

জেনারেল ম্যানেজার

অনুলিপি : (নোটিশ বোর্ডে বহল প্রচারের জন্য)

- ০১। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ ও পঃ (পশ্চিমাঞ্চল) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
০২। জেলা প্রশাসক/পুলিশ সুপার, পাবনা।
০৩। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার..... পবিস/১২/৩/৪।
০৪। নির্বাহী প্রকৌশলী, বাপবিবো, পাবনা।
০৫। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, পাবনা।
০৬। উপজেলা নির্বাহী কর্মকর্তা, সাথিয়া, পাবনা।
০৭। ওয়েব সাইট/নোটিশ বোর্ড, পাবনা পবিস-২।
০৮। মেসার্স.....।
০৯। অফিস কপি/মাষ্টার কপি।

(প্রকৌঃ মোঃ এমদাদুল হক)

জেনারেল ম্যানেজার